

# ঢাকা ওয়াসা

**বিষয়ঃ- ঢাকা ওয়াসায় নবনিযুক্ত ১৫ জন সহকারী প্রকৌশলী এবং ০২ জন সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার এর জন্য বুনিয়াদি প্রশিক্ষণ (ওরিয়েন্টেশন কোর্স) আয়োজন প্রসঙ্গে।**

০১। বিবেচ্য বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রণীত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় ঢাকা ওয়াসায় নবনিযুক্তদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ (ওরিয়েন্টেশন কোর্স) অন্তর্ভুক্ত রয়েছে। সম্প্রতি ঢাকা ওয়াসায় ১৫ জন সহকারী প্রকৌশলী এবং ০২ জন সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার নিয়োগ প্রদান করা হয়েছে। নবনিযুক্ত ১৫ জন সহকারী প্রকৌশলী এবং ০২ জন সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ারদের ঢাকা ওয়াসার সার্বিক কার্যক্রম সম্পর্কে পরিচিত করানোর লক্ষ্যে আগামী ২৬ অক্টোবর ২০২৫ হতে ২৫ নভেম্বর মেয়াদে ২৩ (তেইশ) কর্মদিবসব্যাপী ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে বুনিয়াদি প্রশিক্ষণ (ওরিয়েন্টেশন কোর্স) আয়োজনের জন্য ঢাকা ওয়াসার সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। বুনিয়াদি প্রশিক্ষণ (ওরিয়েন্টেশন কোর্স) এর মাধ্যমে যাতে নবনিযুক্ত সহকারী প্রকৌশলী এবং সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ারগণ ঢাকা ওয়াসার সার্বিক কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারেন সে নিরীখে উপ ব্যবস্থাপনা পরিচালক (মানব সম্পদ ও প্রশাসন) মহোদয়ের নির্দেশক্রমে কোর্স প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নবনিযুক্ত ১৫ জন সহকারী প্রকৌশলী এবং ০২ জন সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ারকে মনোনয়ন দেয়া যেতে পারে। প্রশিক্ষণটিতে বিভিন্ন বিষয়ে বক্তৃতা প্রদানের জন্য বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠান এবং ঢাকা ওয়াসার বিভিন্ন পর্যায়ে কর্মরত সিনিয়র কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে।

০২। ২৩ (তেইশ) দিনব্যাপী প্রশিক্ষণটি সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

|                                    |              |                                                          |
|------------------------------------|--------------|----------------------------------------------------------|
| (ক) বক্তার সম্মানী                 | ২,০১,৬০০/-   | (১৬ সেশন ৩,৬০০/- টাকা হারে+ ৪৮ সেশন ৩,০০০/- টাকা হারে)   |
| (খ) প্রশিক্ষণার্থীদের ভাতা         | ৩,১২,৮০০/-   | (১৭ জন ৮০০/- হারে ২৩ দিন)                                |
| (গ) কোর্স পরিচালকের সম্মানী        | ৪৬,০০০/-     | ২,০০০/- টাকা হারে ২৩ দিন                                 |
| (ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী       | ৩৪,৫০০/-     | ১,৫০০/- টাকা হারে ২৩ দিন                                 |
| (ঙ) সহায়ক স্টাফের সম্মানী         | ২৩,০০০/-     | ১,০০০/- টাকা হারে ২৩ দিন                                 |
| (চ) দুপুরের খাবার ও চা নাস্তা      | ৩,৪৬,৮৪০/-   | (বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ২৬ জন ৫৮০/- টাকা হারে×২৩ দিন) |
| (ছ) পানি                           | ১৮,৬৩০/-     | (আধা লিটার ৬ কেস ১৩৫/- টাকা হারে×২৩ দিন)                 |
| (জ) ব্যাগ, নোটবুক ও কলম            | ২২,১০০/-     | (১৭ সেট ১,৩০০/- টাকা হারে)                               |
| (ঝ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ | ৩০,০০০/-     | আনুমানিক লামসাম                                          |
| সর্বমোট                            | =১০,৩৫,৪৭০/- | (কথায়ঃ টাকা দশ লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত সত্তর মাত্র)  |

০৩। এমতাবস্থায়, ২৩ (তেইশ) দিনব্যাপী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নবনিযুক্ত ১৫ জন সহকারী প্রকৌশলী এবং ০২ জন সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ারসহ ১৭ জন কর্মকর্তার মনোনয়ন, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =১০,৩৫,৪৭০/- (দশ লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত সত্তর মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে। এছাড়াও উক্ত প্রশিক্ষণ কোর্সে অন্তর্ভুক্ত ফিল্ড ভিজিট এর জন্য ঢাকা ওয়াসার পরিবহন পুল হতে ড্রাইভার সহ দুইটি এসি মাইক্রোবাস ব্যবহারেরও অনুমোদন দেয়া যেতে পারে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

২১/১০/২৫  
২১.১০.২৫

মোঃ ওয়াজ উদ্দীন  
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা  
(কোরিন্টিয়ান ও মূল্যায়ন)  
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

এ.এম. মোতাক্কাত্তার  
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা  
ঢাকা ওয়াসা।

DMD (HR & ADMIN) SIR  
মোঃ আমিরুল ইসলাম  
(হুগুনিকি)  
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানব সম্পদ ও প্রশাসন)  
ঢাকা ওয়াসা

২১/১০/২৫  
২১.১০.২৫

এ.এম. মোতাক্কাত্তার  
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা  
ঢাকা ওয়াসা।

উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানব সম্পদ ও প্রশাসন)  
ঢাকা ওয়াসা

২১/১০/২৫  
২১.১০.২৫  
মোঃ আমিরুল ইসলাম  
উপ-ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা।